বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়

হালুয়াঘাট, ময়মনসিংহ।
www.haluaghat.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১২৪.০২৪.১৩.০০১.২৩. ৬৭

তারিখঃ ০৩ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আওতাধীন (২০.০০ একর পর্যন্ত, বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩০ সন হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণলায়, সায়রাত-১ এর গত ১৮ ডিসেম্বর, ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৪৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.haluaghat.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | বাংলা ০৬ মাঘ থেকে ২৫ মাঘ, ১৪২৯ এর মধ্যে (২০/০১/২০২৩ থেকে ০৮/০২/২০২৩ তারিখের মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে। |
| ০২ | বাংলা ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে) ০৯/০২/২০২৩ থেকে ১৩/০২/২০২৩ তারিখের মধ্যে) (অফিস চলাকালীন সময়ে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট এ দাখিল করতে হবে |

### ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল সমূহের তালিকাঃ

| ক্রমিক নং | জলমহালের নাম | আয়তন(একর) | বার্ষিক সম্ভাব্য সরকারি মূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | কাওলারা পুকুর | ৭.৭০ একর | ১,৪৫,০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২. | কাউচিয়া পুকুর (খা বাড়ী সংলগ্ন) | ০.৫০ একর | ১০০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৩. | পূর্ব শাকনাইট পুকুর (কছিম উদ্দিন এর বাড়ী সংলগ্ন) | ১.৪০ একর | ৪৫০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৪. | পিকা পুকুর (ফজর উদ্দিন বাড়ী মসজিদ সংলগ্ন) | ০.৭১ একর | ৬০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৫. | ভাট্রা নয়াপাড়া পুকুর | ০.৪৯ একর | ৪৬০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৬. | সাতাইশ কাহনীয়া পুকুর (হাফেজ উদ্দিন এর বাড়ী সংলগ্ন) | ০.২৩ একর | ২০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৭. | বিলডোরা পুকুর (দিজেন্দ্র দে এর বাড়ী সংলগ্ন) | ০.২২ একর | ২৬০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৮. | বিড়ুইডাকুনী পুকুর | ১.৫৬ একর | ৪৫০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ৯. | মনিকুড়া পুকুর | ০.৮৬ একর | ৪৫০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১০. | আকনপাড়া পুকুর | ১.০০ একর | ৬০০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১১. | হালুয়াঘাট পুকুর (থানা সংলগ্ন) | ০.২৪ একর | ৩৩০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১২. | ইসলামপুর নাগেরপাড়া পুকুর (সাত্তার চেয়ারম্যান বাড়ী সংলগ্ন) | ০.৭২ একর | ৩২৪০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৩. | ঘিলাভুই পুকুর (এনামুল মাস্টার বাড়ী সংলগ্ন) | ০.৮১ একর | ৩৬৪৫.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৪. | ঘোষবেড় পুকুর (ঘোষবেড় সঃ প্রাঃ বিঃ সংলগ্ন) | ১.৯৫ একর | ১০১,০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৫. | ঝলঝলিয়া পুকুর (আহেদ আলির বাড়ী সংলগ্ন) | ১.৮৬ একর | ৮৩৭০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৬. | উত্তর পলাশতলা পুকুর (প্রত্যুস হাউই এর বাড়ী সংলগ্ন) | ০.৬২ একর | ৭৫৬০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৭. | বাঘাইতলা পুকুর (ইদগাহ মাঠ সংলগ্ন) | ১.৬১ একর | ৬০০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৮. | বাঘাইতলা পুকুর (সুনিতি রাখসাম এর বাড়ির পাশে) | ১.৬৮ একর | ৬০০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ১৯. | আতুয়াজংগল পুকুর (রমজান আলীর বাড়ী সংলগ্ন) | ০.২৫ একর | ২৫৬০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২০. | আতুয়াজংগল পুকুর (এরশাদ আলীর বাড়ী সংলগ্ন) | ০.৮১ একর | ৪৫০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২১. | আতুয়াজংগল পুকুর (মিরাজ আলীর বাড়ি সংলগ্ন) | ০.৩৪ একর | ৩৪৫০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২২. | আতুয়াজংগল পুকুর (আব্দুল মালেক সরকারের বাড়ী সংলগ্ন) | ০.৯৫ একর | ৬৫০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২৩. | আতুয়াজংগল পুকুর (আব্দুল লতিফের বাড়ী সংলগ্ন) | ১.১২ একর | ৪৫০০০.০০ | ১৪৩০-১৪৩২ | |
| ২৪. | আতুয়াজংগল পুকুর (আবেদ আলীর বাড়ী সংলগ্ন) | ০.৯৫ একর | ৬৫০০.০০ | ১৪৩০-১৪৩২ | |

নিয়মাবলীঃ

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।

০৪। পুরণকৃত আবেদন ফরমটি অনালইনে স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূল কপি ৫০০/-(পাঁচশত) টাকা জমা রশিদসহ অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে দাখিল করতে হবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ, এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১০। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে,

১২। মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৪। সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে।

১৫। সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৬। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৭। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৮। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সরক্ষণ করেন।

(মাহমুদা হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১২৪.০২৪.১৩.০০১.২৩.২২.৬৯/১(৩০)

তারিখঃ ০৩ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৭ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য।**

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।

**অনুলিপিঃ অবগতি এবং বহুল প্রচারের অনুরোধসহঃ**

৫. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৬. উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৭. উপজেলা মৎস কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৮. উপজেলা কৃষি কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, হালুয়াঘাট থানা

১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১২. উপজেলা মহলিা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১৩. ............................................ চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ।

১৪. জনাব ........................................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

১৫. সহকারী প্রোগামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৬. সম্পাদক, দৈনিক ..[illegible]............., ঢাকা। উক্ত বিজ্ঞপ্তিটি ১০"×৪ কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ১৯/০১/২০২৩ তারিখের মধ্যে ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩(তিন)টি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৭. নোটিশ বোর্ড।

(আফরোজা আফসানা)
সহকারী কমিশনার (ভূমি)
হালুয়াঘাট, ময়মনসিংহ।
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।